## তৃতীয় ভাগ

## বিভিন্ন খাতের আয় নিরূপণ

১। **বেতনাদি (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 21 এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি 33 অনুযায়ী)**

সাধারণভাবে একজন চাকুরিজীবী করদাতার প্রাপ্ত মূল বেতন, উৎসব ভাতা, পরিচারক ভাতা, সম্মানী ভাতা, ওভারটাইম ভাতা, স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার প্রদত্ত চাঁদা এবং বিভিন্ন পারকুইজিট (সুবিধা) বেতন খাতের করযোগ্য আয়।

বেতনখাতে করযোগ্য আয় নিরূপণের জন্য পৃথক তফসিল রয়েছে। আয়কর বিধিমালা, ১৯৮৪ সংশোধনের মাধ্যমে ২০১৬-১৭ কর বছরে নতুন রিটার্ন ফরমের সাথে নতুন তফসিল ২৪এ প্রবর্তন করা হয়েছে। উল্লিখিত নতুন রিটার্ন ফরমের ক্রমিক নং-২৪ এ বেতন খাতে করযোগ্য আয় নির্ণয়ের জন্য তফসিল ২৪এ পূরণপূর্বক মূল রিটার্নের সাথে সংযুক্ত করতে হবে। তফসিল ২৪এ পূরণের পদ্ধতি নীচে আলোচনা করা হলো-

**তফসিল-২৪এ**

বেতন আয়ের বিবরণসমূহ

আয়কর অধ্যাদেশের বিদ্যমান বিধান অনুসারে তফসিল ২৪এ অনুযায়ী বেতন খাতের করযোগ্য/করমুক্ত আয় পরিগণনার (সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীর ক্ষেত্র ব্যতীত) একটি উদাহরণ নিচে প্রদান করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ০১ | কর বৎসর ২০২০-২০২১ | ০২ | টিআইএন |

| বিবরণসমূহ | পরিমাণ (ক) | কর অব্যাহতি প্রাপ্ত (খ) | নীট করযোগ্য (গ=ক-খ) | মন্তব্য |
|---|---|---|---|---|
| মূল বেতন | ৩,৬০,০০ | --- | ৩,৬০,০০০ | সম্পূর্ণ অংক করযোগ্য |



| বিবরণসমূহ | পরিমাণ (ক) | কর অব্যাহতি প্রাপ্ত (খ) | নীট করযোগ্য (গ=ক-খ) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ০/- | | /- | |
| বিশেষ বেতন | ২৪,০০০/- | --- | ২৪,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| বকেয়া বেতন (যা পূর্বে করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত হয় নাই) | ৬০,০০০/- | --- | ৬০,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| মহার্ঘ ভাতা | ৭২,০০০/- | --- | ৭২,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| বাড়ী ভাড়া ভাতা (নগদ) | ২,৪০,০০০ /- | ১,৮০,০০০/ - | ৬০,০০০/- | মূল বেতনের ৫০% অথবা মাসিক ২৫,০০০/- এ দু'টির মধ্যে যেটি কম সে অংক করমুক্ত। |
| চিকিৎসা ভাতা (নগদ) | ৪৮,০০০/- | ৩৬,০০০/- | ১২,০০০/- | মূল বেতনের ১০% অথবা বার্ষিক ১,২০,০০০/- টাকা (প্রতিবন্ধী ব্যক্তির ক্ষেত্রে ১০ লক্ষ টাকা), এ দু'টির মধ্যে যেটি কম সে পরিমাণ অংক করমুক্ত। |
| হার্ট, কিডনি, চক্ষু, লিভার ও ক্যান্সার সার্জারি খরচের জন্য প্রাপ্ত অংক | ১,০০,০০০ /- | ১,০০,০০০/ - | --- | সম্পূর্ণ অংক করমুক্ত। তবে শেয়ারহোল্ডার পরিচালকগণ এ কর অব্যাহতির সুবিধা প্রাপ্য হবেন না। |
| যাতায়াত ভাতা (নগদ) | ৬০,০০০/- | ৩০,০০০/- | ৩০,০০০/- | বার্ষিক ৩০,০০০/- পর্যন্ত করমুক্ত |
| উৎসব ভাতা | ৬০,০০০/- | --- | ৬০,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |